

■ রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ১৩২১ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৩১৩]

১১/ (আল্লাহর পথে) জিহাদ (کتاب الجهاد)

পরিচ্ছেদঃ ২৩৪: জিহাদ ওয়াজিব এবং তাতে সকাল-সন্ধ্যার মাহাত্ম্য

(234) بَابُ فَضْلُ الْجِهَادِ

আরবী

وَعَن أَبِي قَتَادَةَ رضي الله عنه: أَنَّ رَسُولَ اللهِ صلى الله عليه وسلم قَامَ فِيهِم فَذَكَرَ أَنَّ الجَهَادَ فِي سَبِيلِ اللهِ، وَالإِيمَانَ بِاللهِ، أَفْضَلُ الأَعْمَالِ، فَقَامَ رَجُلٌ، فَقَالَ: يَا رَسُولَ اللهِ صلى الله عليه وسلم، أَرأَيْتَ إِنْ قُتِلْتُ فِي سَبِيلِ اللهِ، أَتُكَفَّرُ عَنِّي خَطَايَايَ ؟ فَقَالَ لهُ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم: «نَعَمْ، إِنْ قُتِلْتَ فِي سَبِيلِ الله وَأَنْتَ صَابِرٌ مُحْتَسِبٌ، مُقْبِلٌ غَيْرُ مُدْبِرٍ»، ثُمَّ قَالَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم: «كَيْفَ قُلْتَ ؟» قَالَ: أَرَأَيْتَ إِنْ قُتِلْتُ فِي سَبِيلِ اللهِ مَلى الله عليه وسلم: «كَيْفَ قُلْتَ ؟» قَالَ: أَرَأَيْتَ إِنْ قُتِلْتُ فِي سَبِيلِ اللهِ، أَتُكَفَّرُ عَنِي خَطَايَايَ ؟ فَقَالَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم: «نَعَمْ، وَأَنْتَ صَابِرٌ مُحْتَسِبٌ، مُقْبِلٌ غَيرُ مُدْبِرٍ، إِلاَّ الدَّيْنَ فَإِنَّ جِبْريلَ _ عَليه وسلم: «نَعَمْ، وَأَنْتَ صَابِرٌ مُحْتَسِبٌ، مُقْبِلٌ غَيرُ مُدْبِرٍ، إِلاَّ الدَّيْنَ فَإِنَّ جِبْريلَ _ عَليه وسلم: هَالَ لِي ذَلِكَ». رواه مسلم

বাংলা

২৯/১৩২১। আবূ কাতাদাহ রাদিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম জনমন্ডলীর মাঝে দাঁড়িয়ে ভাষণ দানকালে বললেন, "আল্লাহর পথে জিহাদ করা ও আল্লাহর পথে ঈমান রাখা সর্বোত্তম কর্ম।" জনৈক ব্যক্তি উঠে বলল, 'হে আল্লাহর রাসূল! আপনি বলুন, যদি আমি আল্লাহর রাহে লড়াই করে শাহাদত বরণ করি, তাহলে কি আল্লাহ আমার সমুদয় পাপ-রাশিকে মিটিয়ে দেবেন?' রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, "হ্যাঁ, যদি তুমি আল্লাহর পথে নেকীর কামনায় ধৈর্য-সহ্যের সাথে অগ্রসর হয়ে এবং পশ্চাদপসরণ না করে শহীদ হয়ে যাও, (তাহলে আল্লাহ তোমার সমস্ত পাপরাশি মাফ করে দেবেন।)"

তারপর রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম বললেন, "তুমি কি যেন বললে?" সে বলল, আপনি বলুন, যদি আমি আল্লাহর পথে শহীদ হয়ে যাই, তাহলে আমার গুনাহ-খাতাসমূহ তার ফলে মিটে যাবে কি?' রাসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম বললেন, "হ্যাঁ, ধৈর্য-সহ্যের সাথে, অগ্রসর হয়ে এবং পশ্চাদপসরণ না করে (যদি তুমি শহীদ হয়ে যাও তাহলে)। কিন্তু ঋণ ছাড়া। যেহেতু জিবরীল (আঃ) এখনই আমাকে এ কথা বললেন।" (মুসলিম)[1]



** (অর্থাৎ ঋণ পরিশোধ না করার গোনাহ মাফ হবে না। কারণ এটি বান্দার হক। আর বান্দার হক বান্দার কাছেই ক্ষমা চেয়ে নিতে হবে।)

English

(234) Chapter: Obligation of Jihad

Abu Qatadah (May Allah be pleased with him) reported:

The Messenger of Allah (ﷺ) stood up among his Companions and said, "Jihad in the way of Allah and belief in Allah (with all His Attributes) are the most meritorious of actions." A man stood up and said: "O Messenger of Allah! Inform me if I am killed in the way of Allah, will my sins be blotted out?" The Messenger of Allah (ﷺ) said, "Yes, in case you are killed in the way of Allah and you remained patient, hopeful of reward, and advancing forward without retracing back (i.e., while fighting)." Then he said, "What was your question?" He inquired again: "Inform me, if I am killed in the way of Allah, will all my sins be blotted out?" The Messenger of Allah (ﷺ) replied, "If you remained patient, hopeful of reward and always fought without turning your back upon enemy, everything, except debt, will be forgiven. Jibril has told me this."

[Muslim].

Commentary: This Hadith tells us about the great merit and reward of martyrdom that it makes up for the shortcomings of the martyrs. This is, however, subject to four conditions which have been mentioned in the Hadith. The rights of people, such as debt, will not be forgiven. Similarly, major sins will not be pardoned without sincere repentance. Some scholars are of the opinion that debt here means such debt which one does not pay in spite of the fact that he is able to pay it. Such debts which a debtor intends to pay but their payment has been delayed due to the lack of means for it and he dies before paying them, will be hopefully forgiven by the Grace and Mercy of Allah. There are other Ahadith which lend support to this view.

ফুটনোট

[1] মুসলিম ১৮৮৫, তিরমিযী ১৭১২, নাসায়ী ৩১৫৬-৩১৫৮, আহমাদ ২২০৩৬, ২২০৯৭, ২২১২০, দারেমী ২৪১২

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবূ কাতাদাহ্ আল-আনসারী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন